কালের কণ্ঠ

তারিখ 05 AUG 2015
পৃষ্ঠা ২ কলাম ৩

বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের হুঁশিয়ারি

# ভ্যাট প্রত্যাহার না হলে কঠোর আন্দোলন

নিজস্ব প্রতিবেদক ▷

চলতি অর্থবছরে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সব ধরনের ফির ওপর সাড়ে সাত শতাংশ ভ্যাট আরোপ করেছে সরকার, যা গত জুলাই মাস থেকেই কার্যকর হয়েছে। শিগগির এই ভ্যাট প্রত্যাহার করা না হলে কঠোর আন্দোলনে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছে 'ভ্যাটবিরোধী শিক্ষা আন্দোলন' নামের একটি সংগঠন। বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত এ সংগঠনের শিক্ষার্থীরা আগামীকাল বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবের সামনে থেকে গণপদযাত্রা করে রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি দেওয়ারও ঘোষণা দিয়েছে।

গতকাল মঙ্গলবার রাজধানীর কারওয়ান বাজারে বসুন্ধরা সিটি মার্কেটের সামনে ভ্যাট প্রত্যাহারের দাবিতে মানববন্ধনে এসব কথা জানানো হয়।

এদিকে গতকাল রাতে ভ্যাট প্রত্যাহারে করণীয় ঠিক করতে এক বৈঠকে বসে বেসরকারি বিশ্ববিদ্যালয় ওনার্স অ্যাসোসিয়েশন। বৈঠকে ভ্যাট প্রত্যাহারের দাবিতে শিক্ষার্থীদের সঙ্গে থাকার বিষয়ে সিদ্ধান্ত হয়। এ ছাড়া বিষয়টি বোঝানোর জন্য প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করারও সিদ্ধান্ত নেওয়া হয় বলে বৈঠক সূত্রে জানা গেছে।

মানববন্ধনে 'শিক্ষা কোনো পণ্য নয়, শিক্ষা আমাদের অধিকার'; 'শিক্ষা যদি পণ্য না হয় তাহলে ভ্যাট কেন'; 'নো ভ্যাট অন এডুকেশন' ইত্যাদি লেখাসংবলিত বিভিন্ন প্ল্যাকার্ড নিয়ে হাজির হয় শিক্ষার্থীরা। এ সময় বক্তারা বলেন, 'বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শুধু উচ্চবিত্ত পরিবারের শিক্ষার্থীরাই পড়ে না, এখানে নিম্নবিত্ত ও মধ্যবিত্ত পরিবারের ছেলেমেয়েরাই বেশি পড়াশোনা করে। এই ভ্যাট প্রত্যাহার করা না হলে অনেকেই তাদের ভিটেমাটি হারাবে। আবার অন্যদিকে বন্ধ হয়ে যেতে পারে অনেকের শিক্ষাজীবন।'

প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে শিক্ষার্থীরা বলেন, 'আমরা আপনার সন্তানের মতো। আমাদের সবার অভিভাবকই সচ্ছল নয়। আপনিই বিনা মূল্যে বই বিতরণ, উপবৃত্তিসহ শিক্ষা খাতে নানা উদ্যোগ নিয়েছেন। দয়া করে আমাদের পড়ালেখা বন্ধ করবেন না।'

মানববন্ধনে বক্তব্য দেন ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থী আজিজুর রহমান খান বুলবুল, এখলাছুর রহমান, স্টামফোর্ড ইউনিভার্সিটির শিক্ষার্থী সজিব হোসেন, স্টেট ইউনিভার্সিটির শিক্ষার্থী আরিফুর রহমান জিকু প্রমুখ।

এদিকে গতরাতে বৈঠকের বিষয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয় ওনার্স অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান ও ওয়ার্ল্ড ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী কালের কণ্ঠকে বলেন, 'আমরা প্রাথমিকভাবে সিদ্ধান্ত নিয়েছি বিভিন্ন আলোচনা, সেমিনারের মাধ্যমে জনমত গঠন করব। বেসরকারি উচ্চশিক্ষায় ভ্যাট আরোপ হলে কী কী কুফল হতে পারে, তা সরকারের বিভিন্ন মহলে জানাব। এমনকি প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে তাঁকে বিষয়টি বোঝাব। মোটকথা ভ্যাট প্রত্যাহারের দাবিতে আমরাও শিক্ষার্থীদের সঙ্গে থাকব। এতেও সরকার ভ্যাট প্রত্যাহারে কোনো সিদ্ধান্ত না নিলে অ্যাসোসিয়েশনের পরবর্তী সভায় করণীয় ঠিক করা হবে। তবে পরবর্তী সময়ে আমাদের সদস্যরা কঠোর কর্মসূচিতে যাওয়ার পক্ষেই মত দিয়েছেন।'